আজকের কাগজ

তারিখ ... 24 OCT 1992 ...
পৃষ্ঠা ... কলাম ...

# '৪৭–এর পর থেকে গণতান্ত্রিক সরকার না থাকায় শিক্ষা ব্যবস্থা অবদমিত হয়েছে
## —শিক্ষামন্ত্রী

**কাগজ প্রতিবেদক :** শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেছেন, '৪৭–এর পর থেকে ধারাবাহিকভাবে গণতান্ত্রিক সরকার না থাকার ফলেই শিক্ষা ব্যবস্থা এতোটা অবদমিত হয়েছে। শিক্ষাদান একটি মহৎ সেবাব্রত–এটা নিছক একটি পেশা নয়। সক্রেটিসের আমল থেকে আজ পর্যন্ত এটা এক মহৎ পেশা হিসেবে চিহ্নিত হয়ে আছে। গতকাল সকালে তেজগাঁও কলেজের মিলনায়তনে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ও বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের দু'দিন ব্যাপী জাতীয় প্রতিনিধি সম্মেলনের উদ্বোধনী ভাষণে শিক্ষামন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, বর্তমান শিক্ষানীতিকে সংখ্যাগরিষ্ঠ মানুষের উপযোগী করে ঢেলে সাজানোর উদ্যোগ নেয়া হচ্ছে। একে আরো উন্নত করার চেষ্টা চলছে। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা ব্যবস্থাকে গণতান্ত্রিক করার জন্যেই বেসরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয় প্রকল্প প্রণয়ন করা হয়েছে। তিনি বলেন, ইউরোপ, আমেরিকায় অধিকাংশ বিশ্ববিদ্যালয়ই বেসরকারি বিশ্ববিখ্যাত সব বিশ্ববিদ্যালয়ই বেসরকারি। তিনি শিক্ষাঙ্গনে সন্ত্রাসের প্রসংগ উত্থাপন করে বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় প্রকল্প বাস্তবায়িত হলেই শিক্ষাঙ্গনে সন্ত্রাস বন্ধ হবে বলে আমি আশা করছি।

সম্মেলনে বিশেষ অতিথি শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস খান বলেন, শিক্ষা ব্যবস্থার প্রসার ও মান উন্নয়নের জন্যে শিক্ষকদের মান উন্নয়ন করতে হবে। তিনি বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকারের শিক্ষানীতির মূল লক্ষ্য হচ্ছে ২০০০ সালের মধ্যে সবার জন্যে শিক্ষা নিশ্চিত করা। অধ্যক্ষ মাহমুদ মোকাররম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অধিবেশনে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান প্রফেসর এয়াজউদ্দিন আহমদ,